গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১৪০.৩২.০০০১.২৫- তারিখ : শ্রাবণ ১৪৩৩ / আগস্ট ২০২৬

বিষয়: তেজগাঁও শিল্প এলাকার জেএল নং-৬, খতিয়ান নং-৫ ও ৬/১ ঢাকা সিটি জরিপের ৮১০৩ ও ৭৫৩৬ দাগের (১.৬১১২+১.৮১৬৮)= ৩.৪২৮০ একর জমি বরাদ্দ প্রদান।

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আনসার-২ শাখা-এর ২২ জুন ২০২৬ তারিখের ৫৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর স্থাপনের জন্য তেজগাঁও শিল্প এলাকার জেএল নং-৬, খতিয়ান নং-৫ ও ৬/১ ঢাকা সিটি জরিপের ৮১০৩ ও ৭৫৩৬ দাগের (১.৬১১২+১.৮১৬৮)= ৩.৪২৮০ একর জমি সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে প্রচলিত লিজ দলিলের শর্তসহ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

**শর্তাবলি:**

(ক) জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লিজ দলিল সম্পাদনের লক্ষ্যে ০২ (দুই) সেট লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সম্পাদিত লিজ দলিলের ০১ (এক) কপি মন্ত্রণালয়ে জমা প্রদান করতে হবে;

(খ) ঢাকা গণপূর্ত বিভাগ-৩ এর নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;

(গ) বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দ প্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;

(ঘ) এ বরাদ্দপত্র কোনক্রমেই বরাদ্দকৃত জমিতে বরাদ্দ প্রাপকের কোন স্থায়ী স্বত্ব/মালিকানা প্রদান করে না এবং এটি হস্তান্তরযোগ্য নয়;

(ঙ) বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা হস্তান্তরের অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণিত হলে বরাদ্দ বাতিল করা হবে;

(চ) বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি বরাদ্দ গ্রহীতা সংস্থা কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট অফিস/তহশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;

(ছ) বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে;

(জ) ভবন নির্মাণের ক্ষেত্রে স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়ন করতে হবে; এবং

(ঝ) এ জমিতে ভবন নির্মাণের কাজ অনুমোদিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র জারি করা হলো।

স্বাঃ-
(মোহাম্মদ খাদেমুর রহমান)
সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৪৪৫

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব (আনসার-২ শাখা)

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১৪০.৩২.০০০১.২৫- ৪০৭ তারিখ : ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও রাজস্ব সার্কেল, ঢাকা।
১০. সাব-রেজিস্ট্রার, তেজগাঁও, তেজগাঁও রেজিস্ট্রেশন কমপ্লেক্স, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. যুগ্মসচিব (ভূমি ব্যবস্থাপনা অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)। ।
১৩. অফিস কপি/মাস্টার কপি।

০১/০৮/২০২২

(মোহাম্মদ খাদেমুর রহমান)
সহকারী সচিব